

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৩, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ৯ই পৌষ ১৪০৬/২৩শে ডিসেম্বর ১৯৯৯

এস. আর. ও নং ৩৭০-আইন/৯৯ইং বিবিধ-৭/৯১(রাজ-৪)—যেহেতু সরকার চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনী এলাকায় আগামী ০৩-০১-২০০০ তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোটকেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে:

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, আগামী ০১-০১-২০০০ তারিখ দিবাগত মধ্যরাত হইতে ০৪-০১-২০০০ তারিখ রাত ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। বাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2)-তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

( ৬৯৯৭ )

মূল্য : টাকায় ১.০০

২। এই আদেশ নিম্নলিখিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যথাঃ

- (ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;
- (খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা : এই আদেশ “শৃংখলা বাহিনী” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শৃংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

নাসির উদ্দিন  
উপ-সচিব।